

## শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনসিটিউট (হাইস্কুল)

### সপ্তম শ্রেণিৎ বাংলা

#### নমুনা উত্তরপত্র (ওয়ার্কশিট - ২)

১)

১.১. (খ) পেনসিল।

১.২. (ক) পাথর।

১.৩. (খ) কটকট।

১.৪. (গ) ভালো কথা।

১.৫. (খ) মেজদার কাছ থেকে।

১.৬. (গ) ঢাক।

১.৭. (ক) রামাকে।

১.৮. (ক) এক বছরের।

১.৯. (ঘ) রুটি।

১.১০. (খ) কালো।

২)

২.১. মানুষ যে বই বা খাতায় অতিপ্রয়োজনীয় কথা সংক্ষিপ্তভাবে লিখে রাখে, তাকে **নোট বই** বলে।

২.২. 'নোট বই' কবিতাটিতে উল্লিখিত পশু হল গোরু এবং পতঙ্গ হল ফড়িং ও আরশোলা।

২.৩. বক্তার মনে কাল থেকে খটকা লেগেছে যে ঝোলাগুড় সাবানে না পটাকায় দেওয়া হয়।

২.৪. সং হল সার্কাস দলের একজন সদস্য। সে বিভিন্নভাবে সেজে-গুজে সার্কাসে খেলা দেখায়।

২.৫. সোনা - টিয়াকে কালিয়ার বনে আম্যা যেতে দিতে চায়নি। কারণ - কালিয়ার বনে গেলে সেখান থেকে কেউ আস্ত ফিরে আসে না।

৩)

৩.১. প্রখ্যাত লেখিকা লীলা মজুমদারের লেখা 'মাকু' উপন্যাসে সোনা ও টিয়া এক মনে নদীর কিনারায় জানোয়ারদের জল খাওয়া দেখছিল। হঠাৎ একটা চাপা গলার আওয়াজ কানে আসে। তারা তাকিয়ে দেখে মাকু সামনে দাঁড়িয়ে। মাকুকে দেখে প্রথমে সোনা - টিয়ার গায়ে কাঁটা দিল। এ যে মাকু তাতে তাদের কোনো সন্দেহ ছিল না। লম্বা স্টাং চেহারা, গায়ের মাংসগুলো আঁটোসাঁটো। দেখেই বোঝা যায় প্লাস্টিক আর রবার দিয়ে তৈরি। ঘড়িওলার বর্ণনা মতোই মাকুর মাথায় ছিল কোঁকড়া চুল, ছাই রঙের চোখ আর নাকের ডগায় মন্ত একটা কালো তিল। যখনই তারা নিশ্চিত হয় এই-ই মাকু, তৎক্ষনাত্মে তারা সিদ্ধান্ত নিয়ে ফেলে তাকে না ছাড়ার। সোনা, টিয়া মাকুকে প্রথমে দেখে চমকে গেলেও, ভয় পায়নি।

মাকু প্রথম থেকেই সোনা, টিয়াকে বিভিন্নভাবে সাহায্য করেছে। সোনা, টিয়াকে কোলে করে নিয়ে তাদের নদী পার করিয়েছে মাকু। সোনা, টিয়ার খিদে পেলে মাকুই জানায় যে সে খাবার সংগ্রহ করবে। বটতলার সরাইখানায় পয়সা না দিলে খাবার দেবে না শুনে তারা ঘাবড়ে যায়। সেই সমস্যারও সমাধান করে মাকু। সে-ই পয়সা দেবে জানায়। এইভাবেই মাকু তাদের বিভিন্নভাবে সাহায্য করেছিল।

SRAL